**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২৩-৫১০

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০ / ১৮ জুলাই ২০২৩

# পরিপত্র-৪

**বিষয় : জাতীয় সংসদের ২৮৭ চট্টগ্রাম-১০ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন পরিস্থিতি প্রতিবেদন ও বেসরকারি ফলাফল এবং অন্যান্য তথ্যাবলী সংগ্রহ ও পরিবেশন**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদের ২৮৭ চট্টগ্রাম-১০ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়ে রিটার্নিং অফিসারদের নিকট হতে ভোটগ্রহণ চলাকালে পরিস্থিতি প্রতিবেদন এবং ভোটগ্রহণ শেষে প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ করা হবে। এ কার্যক্রম ভোটগ্রহণের দিন অর্থাৎ **৩০ জুলাই ২০২৩** তারিখ **রবিবার** সকাল ০৮:০০ ঘটিকা হতে শুরু করে সর্বশেষ বেসরকারি ফলাফল না পাওয়া পর্যন্ত অব্যাহতভাবে চলবে।

২। পরিস্থিতি প্রতিবেদন এবং প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম-পদবি ও টেলিফোন-ফ্যাক্স নম্বর **পরিশিষ্ট-ক** এ সংযুক্ত করা হলো। ভোটগ্রহণের দিন রিটার্নিং অফিসারের **"ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** হতে কোন্ সময়ে কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্বপালন করবেন বিশেষ করে বেসরকারি ফলাফল কোন্ কোন্ কর্মকর্তা প্রদান করবেন তাদের নাম ও পদবি সত্বর এ সচিবালয়ের নির্ধারিত টেলিফোন ও ফ্যাক্সযোগে জানিয়ে দিতে হবে। তাছাড়া ভোটগ্রহণের দিন সকাল ৮.০০ ঘটিকা হতে বেসরকারি ফলাফল পরিবেশন সম্পন্ন না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকার সার্বিক পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ করার জন্য কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন তাও পূর্বাহ্ণে জানিয়ে দিতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পূর্ব থেকেই নির্ধারিত টেলিফোন ও ফ্যাক্স নম্বর সঠিক আছে কিনা অথবা সচল আছে কিনা তা যাচাই করে নিবেন।

৩। ভোটগ্রহণ শেষে রিটার্নিং অফিসার যে **"বার্তা শিট"** এর মাধ্যমে বেসরকারি ফলাফল প্রেরণ করবেন তার একটি নমুনা **পরিশিষ্ট-খ** এ সংযুক্ত করা হলো। বেসরকারি ফলাফল টেলিফোনে জানানোর সাথে সাথে উক্ত শিটের মাধ্যমে ফ্যাক্সযোগে ও ইন্ট্রানেটে/নির্ধারিত ফ্যাক্সে প্রেরণ করতে হবে। তাছাড়া এ বিষয়ে সর্বশেষ কোন নির্দেশনা থাকলে তা টেলিফোনে যথাসময়ে অবহিত করা হবে এবং তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। **Result Management System (RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণ** : উপর্যুক্ত ব্যবস্থার পাশাপাশি একাদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচনের ন্যায় এবারও একইসাথে Result Management System (RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণ করতে হবে। সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত কেন্দ্রভিত্তিক ভোটগণনার বিবরণী (ফরম-১৬) হতে ফলাফল RMS Software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। একই সাথে ফরম-১৬ scan করে software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। কেন্দ্রভিত্তিক ফলাফল entry করার পর এই Software হতে progressive result অর্থাৎ সহকারী রিটার্নিং অফিস হতে বার্তা শিট স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে। বার্তা শিট software হতে print করে সহকারী রিটার্নিং অফিসার স্বাক্ষর দিয়ে স্বাক্ষরকৃত বার্তা শিট scan করে software এর মাধ্যমে রিটার্নিং অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন। রিটার্নিং অফিসারের কার্যালয়ে RMS software ব্যবহার করে সকল সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত বার্তা শিট কম্পিউটারে দেখতে পারবেন। একইসাথে downloadও করা যাবে।



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

অতঃপর রিটার্নিং অফিসার তার আওতাধীন সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত ফলাফলসমূহকে software এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে একীভুত করে বার্তা শিট প্রস্তুত করবেন এবং print করে স্বাক্ষর দিয়ে পুনরায় তা scan করে RMS এর মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন।

১৮/৭/২০২৩

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

প্রাপক:

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
জাতীয় সংসদের ২৮৭ চট্টগ্রাম-১০ শূন্য আসনে নির্বাচন, ২০২৩

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২৩-৫১০

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০ / ১৮ জুলাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব ............................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, চট্টগ্রাম
১৭. পুলিশ সুপার, চট্টগ্রাম
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম

২২. উপজেলা নির্বাহী অফিসার,..............................(সংশ্লিষ্ট)

২৩. জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম

২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৭. থানা নির্বাচন অফিসার, পাহাড়তলী/পাঁচলাইশ, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার

২৮. অফিসার-ইন-চার্জ, ..............................(সংশ্লিষ্ট) থানা।

২৮/৭/২০২৩

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sas_emc1@gmail.com

**নির্বাচনে রিটার্নিং অফিসারের নিকট হতে নির্বাচন কমিশন সচিবালয়ের যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ করবেন তার বিবরণী**

| ক্রমিক নং | নির্বাচনি এলাকার নাম ও নম্বর | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | টেলিফোন নম্বর | ফ্যাক্স / intranet নম্বর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | **২৮৭ চট্টগ্রাম-১০** | মোঃ মিজানুর রহমান<br>উপসচিব (চলতি দায়িত্ব), নির্বাচন প্রশাসন শাখা | **০২-৫৫০০৭৬১০** | **০২-৫৫০০৭৫৫৮**<br>sas_emc1 |
| ২. | | মোহাম্মদ মোরশেদ আলম<br>সিনিয়র সহকারী সচিব<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা | | |
| ৩. | | অরবিন্দ দাশ<br>প্রশাসনিক কর্মকর্তা<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা | | |
| ৪. | | নাদিরুজ্জামান<br>প্রশাসনিক কর্মকর্তা, নির্বাচন প্রশাসন শাখা | | |
| ৫. | | মোঃ কাইয়ুম মিয়া<br>সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা | | |
| ৬. | | মোঃ আনোয়ার হোসেন<br>সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>নির্বাচন প্রশাসন শাখা | | |
| ৭. | | আশিফুল ইসলাম শরিফ<br>অফিস সহায়ক<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা | | |
| ৮. | | মিতুশ দাস<br>অফিস সহায়ক, নির্বাচন প্রশাসন শাখা | | |

পরিশিষ্ট-খ

# জাতীয় সংসদের শূন্য আসনের নির্বাচন-২০২৩
## প্রাথমিক বেসরকারি ফলাফল
## বার্তা শিট

নির্বাচনি এলাকার নম্বর ও নাম:

বার্তা নম্বর:

মোট ভোটারের সংখ্যা:
মোট ভোটকেন্দ্রের সংখ্যা:
ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যা:

| ক্রমিক | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | রাজনৈতিক দল/জোট-এর নাম | বরাদ্দকৃত প্রতীক | এ পর্যন্ত প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| মোট বৈধ ভোটের সংখ্যা | : |
| বাতিলকৃত ভোটের সংখ্যা | : |
| সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যা | : |
| প্রদত্ত ভোটের শতকরা হার | : |

স্থগিত ভোট কেন্দ্রের সংখ্যা :
স্থগিত ভোট কেন্দ্রের ভোটার সংখ্যা :

রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন
কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি:

নাম :
পদবি :
স্বাক্ষর :
তারিখ :
সময় :

এই ফরমে ফলাফল প্রেরণে নির্ধারিত ফোন এবং ফ্যাক্স ব্যবহার করতে হবে।